

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাকসাম, কুমিল্লা।
www.dgfood.gov.bd
www.food.laksam.comilla.gov.bd
ucflaksam@gmail.com

স্মারক নং- ৫৫৩

তারিখঃ ২৮/০৭/২০২২ খ্রিঃ।

প্রাপক, চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ।

ও

সভাপতি,

ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি,

লাকসাম, কুমিল্লা।

বিষয়ঃ- খাদ্যবান্ধব কর্মসূচীর অথবা ১৫/- টাকা কেজি চালের তালিকা খাদ্য বান্ধব ডাটাবেজে অনলাইন যাচাই বাচাই করণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তাদের ডিজিটাল তালিকা প্রণয়নের লক্ষ্যে লাকসাম উপজেলার ০৮ টি ইউনিয়ন হতে প্রাপ্ত ০৮ টি খাদ্যবান্ধব কর্মসূচীর অথবা ১৫/- টাকা কেজি চালের তালিকা খাদ্যবান্ধব ডাটাবেজে আপলোড করা হয়েছে। ফলে উক্ত তালিকা সমূহ সংশ্লিষ্ট ইউনিয়ন খাদ্যবান্ধব ডাটাবেজে স্বয়ংক্রিয়ভাবে চলে গেছে।

সংশ্লিষ্ট ইউপি UDC গণকে ইউপি সচিব গণের সাথে সম্বনয় করে প্রেরিত লগইন আইডি পাসওয়ার্ড ব্যবহার করে আপলোডকৃত তালিকা অনলাইন যাচাই বাচাই কার্যক্রম আরম্ভ করতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ছবিসহ অনলাইন যাচাই বাচাই ব্যতীত সংশ্লিষ্ট ইউপি ডিলারগণ বরাদ্দকৃত চালের ডিও বা চাল উত্তোলন করতে পারিবে না এবং ইউপি উদ্যোক্তা গণের কার্ড প্রতি বরাদ্দকৃত টাকার বিল পরিশোধ করা যাবেনা।

তাই জরুরী ভিত্তিতে অনলাইন যাচাই বাচাই কার্যক্রম আরম্ভ করিতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। যাচাই বাচাই এর মেয়াদ ১০ শে আগস্ট ২০২২ ইং পর্যন্ত, আগামী সেপ্টেম্বর/২২ ইং মাস থেকে এই কার্যক্রমের আওতায় নতুন তালিকা চাল বিতরণ করা হবে।

ফরিদ আহমদ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

লাকসাম, কুমিল্লা।

তারিখ: ২৮/০৭/২০২২ ইং।

স্মারক নং:- ৫৫৩/১(০৫)

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-

০১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।

০২। উপজেলা নিবাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।

০৩। সচিব (সকল), ইউপি, লাকসাম, কুমিল্লা।

০৪। উদ্যোক্তাগণ (সকল), ইউপি, লাকসাম, কুমিল্লা।

০৫। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

লাকসাম, কুমিল্লা।